3 Yr. Degree/4 Yr. Honours 2nd Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

Course: BENG2021 (MINOR)

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ৩ ঘণ্টা **পূর্ণমান : ৬০**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের কালসীমা নির্ধারণ করো। এই যুগের সাহিত্যিক নিদর্শনটির নাম উল্লেখ করো।

(খ) চর্যাপদ গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? চর্যাপদের দুজন কবির নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাহিনি কটি খণ্ডে বিভক্ত? যে-কোনো দুটি খণ্ডের নাম লেখো।

(ঘ) 'রামায়ণ'-এর দুজন বাংলা ভাষার অনুবাদকের নাম লেখো।

(ঙ) চৈতন্য-পরবর্তী দুজন বৈষ্ণব কবির নাম লেখো।

(চ) 'চৈতন্যচরিতামৃত' কার লেখা? গ্রন্থটির কটি খণ্ড?

(ছ) বিজয় গুপ্ত কোন ধারার কবি? তাঁর রচিত কাব্যটির নাম কী?

(জ) ক্ষেমানন্দের উপাধি কী ছিল? তাঁর জন্মস্থান কোথায়?

(ঝ) সৈয়দ আলাওলের প্রধান কাব্যটির নাম কী? সেটি কোন গ্রন্থ অবলম্বনে লেখা?

(ঞ) ভারতচন্দ্র কোন শতাব্দীর কবি? 'অন্নদামঙ্গল' কবে রচিত হয়?

(ট) 'শিবায়ন' কাব্যের বিখ্যাত কবি কে? তিনি কোন রাজসভার সভাকবি ছিলেন?

(ঠ) শাক্ত পদাবলীর বিখ্যাত দুজন কবির নাম লেখো।

(ড) নাথ সাহিত্যের প্রধান ধারাগুলি উল্লেখ করো।

(ঢ) দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয়? তিনি কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি?

(ণ) গীতিকা বলতে কী বোঝো? একটি দৃষ্টান্ত দাও।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাসের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(খ) মহাভারতের অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কবিপ্রতিভার পরিচয় দাও।

(গ) চণ্ডীমঙ্গল কাব্য রচনায় মুকুন্দ চক্রবর্তীর দক্ষতার পরিচয় দাও।

(ঘ) চৈতন্যজীবনী সাহিত্যে কৃষ্ণদাস কবিরাজের অবদান আলোচনা করো।

(ঙ) রোমান্টিক আখ্যানকাব্য রচনায় সৈয়দ আলাওলের কৃতিত্ব আলোচনা করো।

(চ) 'ধর্মমঙ্গল' কাব্যকে রায়ের জাতীয় কাব্য বলা হয় কেন, সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'মনসামঙ্গল' কাব্য রচনায় কেতকাদাস ক্ষেমানন্দের কবিপ্রতিভার পরিচয় দাও।

(খ) চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব কবি হিসেবে জ্ঞানদাসের অবদান আলোচনা করো।

(গ) শাক্ত কবি রামপ্রসাদের কবিপ্রতিভার মূল্যায়ন করো।

(ঘ) মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটির নতুনত্ব আলোচনা করো।
